

রায়হান রাফীর নতুন উদ্যোগ: চব্বিশের গণ–অভ্যুত্থান নিয়ে সিনেমা বানানোর ঘোষণা!

written by Chandradip News24 | October 27, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: জনপ্রিয় নির্মাতা রায়হান রাফী তার সিনেমার মাধ্যমে দর্শকদের মুগ্ধ করে চলেছেন। শাকিব খান অভিনীত ‘তুফান’ সিনেমার ব্যাপক সফলতার পর এবার তিনি ঘোষণা দিলেন চব্বিশের গণ–অভ্যুত্থান নিয়ে সিনেমা বানানোর। শনিবার (২৬ অক্টোবর) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ড. মুহম্মদ শহীদুল্লাহ্ একাডেমিক ভবনে এক আলোচনা অনুষ্ঠানে তিনি এই ঘোষণা দেন।

‘বাংলাদেশের চলচ্চিত্রের সাম্প্রতিক গতিপ্রকৃতি এবং ভবিষ্যৎ’ বিষয়ক আলোচনায় রাফী বলেন, “এই জুলাই অভ্যুত্থানে অনেক গল্প আছে, যা নিয়ে একাধিক সিনেমা তৈরি হতে পারে। আমি আমার জায়গা থেকে চেষ্টার কোনো ত্রুটি রাখব না। মুগ্ধকে নিয়ে হোক বা পুরো ঘটনা নিয়ে হোক, এমনকি শেখ হাসিনা পালিয়ে যাওয়া নিয়েও হতে পারে।”

তিনি আরও বলেন, “সিনেমার মাধ্যমে সমাজের প্রতিবাদ করা সম্ভব এবং এটি ইতিহাসকে সংরক্ষণ করে রাখার অন্যতম মাধ্যম। সময়ের পর মানুষ অনেক কিছু ভুলে যায়, কিন্তু সিনেমায় দৃশ্য ধরে রাখলে তা

চিরস্মরণীয় হয়ে থাকে।”

এদিকে, রায়হান রাফীর নতুন প্রজেক্ট ‘মিনিস্ট্রি অব লাভ’ এ অভিনেত্রী দীঘির সঙ্গে কাজ করার সম্ভাবনা রয়েছে। যদিও এখনও কোনো কিছু চূড়ান্ত হয়নি, রাফী আশাবাদী যে শিগগিরই সবকিছু ঠিকঠাক হলে দর্শকরা তাকে দীঘির সঙ্গে কাজ করতে দেখতে পাবেন।